

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় | ছাত্রলীগ সভাপতির গালে কমীর চড়!

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলামের গালে পান্ডা চড় মারলেন সংগঠনের উপপরিবেশবিষয়ক সম্পাদক সাইফুল ইসলামি নাভিদ। এর আগে বিশ্ববিদ্যালয়ে ভর্তী শিক্ষার্থীদের সঙ্গে কথা কথাকে কেন্দ্র করে নাভিদকে চড় মারেন শরিফুল। এ ঘটনায় নাভিদসহ চারজনকে বহিষ্কার করেছে শাখা ছাত্রলীগ। পাঁচজনকে আটক করেছে পুলিশ। গতকাল শুক্রবার দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল বিশ্ববিদ্যালয়ে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তির সাক্ষাৎকার ছিল। দুপুর সাড়ে ১২টার দিকে শহীদ মিনারের সামনে ভর্তীকৃত কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে কথা বলছিলেন নাভিদ। এ সময় ছাত্রলীগের সভাপতি শরিফুল ভর্তীকৃতদের সঙ্গে নাভিদের কথা বলার কারণ জানতে চান। নাভিদ দাবি করেন, ভর্তীকৃতরা তাঁর এলাকার ছোট ভাই। এরপর নাভিদের গালে চড় মারেন সভাপতি শরিফুল ইসলাম।

তখন নাভিদও সভাপতি শরিফুল ইসলামের গালে পান্ডা চড় মারেন। পরে সভাপতির পক্ষে কমীর নাভিদকে বেধড়ক মারধর করে। পরে তাঁকে গুরুতর আহত অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। নাভিদ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলামের পক্ষে কমীর। তিনি সাংবাদিকদের বলেন, ভর্তীকৃতরা এলাকার ছোট ভাই পরিচয় দেওয়ার পরও বিনা কারণে তাঁকে মারধর করা হয়েছে। এদিকে শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম দাবি করেন নাভিদ তাঁর কমীর নয়।

তবে চড়ের ঘটনা অস্বীকার করে ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলাম বলেন, ভর্তীকৃত শিক্ষার্থীদের সঙ্গে প্রত্যয়িত জড়িত থাকায়

সাইফুল ইসলামসহ ছাত্রলীগের সহসম্পাদক তরিকুল ইসলাম উপকর্মসূচি পরিচালনা সম্পাদক রমিজ উদ্দিন, সদস্য শ্রেয় কবেলকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অশোক কুমার সাহা জানান, ক্যাম্পাসে ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগসহ বিভিন্ন কারণে পাঁচজনকে আটক করেছে পুলিশ।

**বহিষ্কার-চারি**  
**আটক পাঁচ**